# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
Sylhet Palli Bidyut Samity-2
দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।
E-mail : sylhetpbs2@gmail.com


স্মারক নং- ২৭.১২.৯১৫৩.৫৫৮.০২.০০৮.২০২৫.৩২৬

তারিখ ২৭ শ্রাবণ ১৪৩২বঙ্গাব্দ
১১ আগষ্ট ২০২৫ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল ও অন্যান্য ভাতা | বয়সসীমা | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতাসহ প্রয়োজনীয় দক্ষতা ও অভিজ্ঞতা | যে সকল এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|
| **পদের নাম-** **ডাটা এন্ট্রি অপারেটর, সংখ্যা-০৪ টি** (মহিলাদের জন্য সংরক্ষিত -কম বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত-২০২১) অনুযায়ী ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | সর্বনিম্ন বয়স ১৮ বছর এবং ৩১/০৮/২০২৫ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। | ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ (৫.০০ এর মধ্যে) অথবা সমমান পাশ থাকতে হবে।<br>খ) ওয়ার্ড প্রসেসিং এ পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঘ) বাংলা ও ইংরেজি ব্যাকরণ বানান, বিরাম চিহ্ন ব্যবহার সহ বাক্য গঠনে ও দাপ্তরিক চিঠিপত্র এবং তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।<br>চ) যথাযথভাবে ফাইলিং উপস্থাপন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। | সিলেট জেলার- সিলেট সদর, জৈন্তাপুর, গোয়াইনঘাট, কানাইঘাট, কোম্পানীগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা এবং সুনামগঞ্জ জেলার ছাতক ও দোয়ারাবাজার উপজেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন না। |
| **পদের নাম-** **সহকারী ক্যাশিয়ার, সংখ্যা-০৪টি** (কম বেশি হতে পারে) | | | ক) গণিতে পারদর্শী সহ এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ৩.০০ (৫.০০ এর মধ্যে) অথবা সমমান পাশ থাকতে হবে।<br>খ) কম্পিউটার এবং অফিস পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজি প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) সহকারী ক্যাশিয়ার পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় ২০,০০০/- (বিশ হাজার) টাকা জামানত হিসেবে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে সুদ সহ ফেরত প্রদান করা হবে।<br>ঘ) প্রার্থীর পারিবারিক আর্থিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>চ) প্রার্থীর গ্রাহকগণের সাথে স্বতঃস্ফূর্ত আচরণ করার ক্ষমতা থাকতে হবে। | |

**শর্তাবলীঃ (সকল পদের জন্য)**

০১. আবেদনকারীগণকে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট www.pbs2.sylhet.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ৩১/০৮/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, দরবস্ত, জৈন্তাপুর, সিলেট বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত ফরম ব্যতীত আবেদনপত্র বিবেচনা করা হবে না। খামের উপরে অবশ্যই প্রার্থীর নাম, পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে

০২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কতৃক জারিকৃত স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১, তারিখঃ-২৩/০৭/২০২৪খ্রিঃ মোতাবেক সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকার আওতাভুক্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না।

০৩. নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন পত্র দাখিল করতে হবে :

(ক) ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (সত্যায়িত)।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার ও কম্পিউটার সনদপত্র (মার্কশিট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

(ঘ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদ।

(চ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

(ছ) **আবেদনপত্রে সংযুক্ত সকল কাগজপত্র ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম, পদবী সম্বলিত সিল থাকতে হবে।**

(জ) **জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যেকোন তফসিলভুক্ত ব্যাংক হতে ২০০/= (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (পোষ্টাল অর্ডার গ্রহনযোগ্য নয়)।**

চলমান পাতা

০৪. প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জন সাধারনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন, পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ হলে পবিস নির্দেশিকা - ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরণসহ মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।

০৫. অত্র সমিতির কর্মচারীগণ-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারীগণ-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালকগণ-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) অত্র সমিতিতে কোনো নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

০৬. কোন প্রার্থী ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত হয়ে থাকলে অথবা যদি তিনি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকেন তবে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭. প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮. বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত বর্ণিত পদে বদলীর মাধ্যমে শূন্য পদ পূরণ হলে উক্ত পদে কোন জনবল নিয়োগ করা হবে না।

০৯. প্রার্থীকে বাংলাদেশের যেকোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরসহ যে কোন জোনাল/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১০. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১১. অসম্পূর্ণ এবং ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে “প্রযোজ্য নয়” উল্লেখ করতে হবে।

১২. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত সংস্থা/পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৪. খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৫. যেকোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৭. নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
সিলেট পবিস-২

অনুলিপিঃ-জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতির জন্য)

০১. জেলা প্রশাসক/পুলিশ সুপার, সিলেট।
০২. নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৩. পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃপঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ড এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৭. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................পবিস-১/২/৩/৪।
০৮. একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৯. নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, সিলেট।
১০. সকল ডিজিএম, সিলেট পবিস-২।
১১. সকল এজিএম, সিলেট পবিস-২।
১২. এজিএম (আইটি), সিলেট পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল)।
১৩. নোটিশ বোর্ড, সদর দপ্তর, সিলেট পবিস-২।
১৪. অফিস/ মাস্টার কপি।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
সিলেট পবিস-২

SYLHET PBS-2
ISO 9001:2015 Certified

**সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ডাটা এন্ট্রি অপারেটর ও সহকারী ক্যাশিয়ার পদে প্যানেলভুক্তি/ নিয়োগ লাভের জন্য আবেদন ফরম**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি এ ঘরে আঠা দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)

জেনারেল ম্যানেজার
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২৫

..................................
০২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

০৩. পদের ধরনঃ নিয়মিত

......................................................
০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

................................................
০৫. প্রকাশনার তারিখ

............................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

............................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

..................................................................
০৭. জন্ম তারিখ(এসএসসি/সমমান পরীক্ষার সনদ/জন্ম নিবন্ধন অনুযায়ী)

........./......./..........(দিন/মাস/বছর)

......................................................
০৮. পিতার নাম

০৯. বয়স (৩১/০৮/২০২৫ইংতারিখে)

......................................................
১০. মাতার নাম

....................................................
১১. ধর্ম

..............................
১২. জাতীয়তা

.................................
১৩. নিজ জেলা

.................................
১৪. রক্তের গ্রুপ

......................................................
১৫. টেলিফোন/মোবাইল নম্বর

১৬. বৈবাহিক অবস্থা:

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৭. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন:

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারিরীক প্রতিবন্ধী |
|---|---|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৮. স্থায়ী ঠিকানাঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ........................
খ. ডাকঘর ........................
গ. উপজেলা/থানা ........................
ঘ. জেলা ........................

১৯. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/ নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ........................
খ. ডাকঘর ........................
গ. উপজেলা/থানা ........................
ঘ. জেলা ........................

................................................
২০. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর

....................................
২১. পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল্য

...........................
২২. ইস্যুর তারিখ

E:\Provati-2020-21\Recruitment\নিয়োগ-২০২৫\application.docx

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
দরবস্ত, জৈন্তাপুর, সিলেট

২৩. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ/জিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেনী/গ্রেড | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |
| | | | | |

২৪. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে):

২৫. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৬. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা ও টেলিফোন/মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয়তা সনদ এবং মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতা সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) মূল কপি অবশ্যই প্রদর্শন করতে বাধ্য থাকবো।

.................................... তারিখ

........................................ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ তাং............ সরবস্ত, জৈন্তাপুর, সিলেট

ISO 9001:2015 Certified

# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২

দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি প্রথম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে।

## লিখিত (এমসিকিউ)/ লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ..........................................................................

পরীক্ষার তারিখ ঃ..........................................................................

পরীক্ষার সময় ঃ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ..........................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির
স্বাক্ষর ও সীলওমোহর

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ ..........................................................................

প্রার্থীর নাম ..........................................................................

পিতার নাম ..........................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ..........................................................................

..........................................................................

..........................................................................

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ তাং........... দরবস্ত, জৈন্তাপুর, সিলেট

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ, ক্যালকুলেটর ও মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। পরীক্ষার সময় প্রার্থীর মূল কাগজপত্র সংগে আনতে হবে।

৮। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের নিকট জমা দিবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। পরীক্ষায় কৃতকার্য হলেও পরবর্তীতে কোন ত্রুটি ধরা পড়লে কিংবা যে কোন ধরণের অসংগতি পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

কর্তৃপক্ষ
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২।

-----------------------------------------------

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
তাং.........
দরবস্ত, জৈন্তাপুর, সিলেট